দৈনিক জনকণ্ঠ

তারিখ ...26 OCT. 1996...

পৃষ্ঠা কলাম

70

# রাজশাহী শিক্ষা বোর্ডের সম্মিলিত বিজ্ঞানের মেধা তালিকা পরিবর্তন

**স্টাফ রিপোর্টার** ॥ রাজশাহী শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ এইচএসসি বিজ্ঞান বিভাগের পূর্ব ঘোষিত মেধা তালিকা বাতিল করে গতকাল নতুন মেধা তালিকা প্রকাশ করেছে। এতে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র সুমন সাহরিয়ার ৪টি বিষয়ে লেটারসহ ৯২০ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় ১ম ও রাজশাহী কলেজের ছাত্র হাসিবুর রহমান সমান সংখ্যক লেটারসহ ৯১৩ পেয়ে ২য় স্থান অধিকার করেছে। প্রথমে গত ১৯ অক্টোবর প্রকাশিত ফলে হাসিবুর রহমানকে প্রথম হিসাবে ঘোষণা করা হয়েছিল। এদিকে রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র শাহাবুল আলম ৪টি বিষয়ে লেটারসহ ৯০৯ নম্বর পেয়ে ৩য়, রাজশাহী কলেজের প্রদিপ্ত প্রমিথিউস মিত্র ও রাজশাহী ক্যাডেট কলেজের ইফতিখারুল হাসান ৪টি বিষয়ে লেটারসহ ৯০৫ নম্বর পেয়ে যৌথভাবে ৪র্থ স্থান, রাজশাহী ক্যাডেট কলেজের আনিসুর রহমান ৪টি বিষয়ে লেটারসহ ৯০৪ নম্বর পেয়ে ৫ম, রাজশাহী ক্যাডেট কলেজের কাজী আব্দুল্লাহ আল মামুন ৯০১ নম্বর, মাহবুবুর রহমান ৮৯২ নম্বর ও মনিরুল ইসলাম ৮৯১ নম্বরসহ ৪টি বিষয়ে লেটার পেয়ে যথাক্রমে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম স্থান অধিকার করেছে। বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের ছাত্রী মঞ্জিলা চৌধুরী ও একই কলেজের ছাত্র রিপন কুমার সাহা এবং রংপুর ক্যাডেট কলেজের ছাত্র কাজী রুসেদ ফেরদৌস ৪টি বিষয়ে লেটারসহ ৮৮৮ নম্বর পেয়ে যৌথভাবে ৯ম স্থান, পাবনা ক্যাডেট কলেজের আহসান হাবিব ৩টি লেটারসহ ৮৮৭ নম্বর পেয়ে ১০ম, বগুড়া ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের গোলাম মোহাম্মদ বাতেন ৪টি বিষয়ে লেটারসহ ৮৮৬ নম্বর পেয়ে ১১তম, রাজশাহী ক্যাডেট কলেজের ইসতিয়াক সাঈদ আল-মান ৪টি বিষয়ে লেটারসহ ৮৮২ নম্বর পেয়ে ১২তম, সৈয়দপুর ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজের সুব্রত কুমার কুন্ডু ৪টি বিষয়ে লেটারসহ ৮৭৯ নম্বর পেয়ে ১৩তম স্থান অধিকার করেছে। রাজশাহী কলেজের ছাত্র সাবরিনা আঞ্জুম তনু ৪টি লেটারসহ ৮৭৭ নম্বর পেয়ে ১৪তম, সৈয়দপুর ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের কামরুল আহসান সোহেল ৪টি লেটারসহ ৮৭৫ নম্বর পেয়ে ১৫তম স্থান, রাজশাহী কলেজের হাবিবা আরা খানম ও রংপুর ক্যান্টনমেন্ট স্কুল ও কলেজের কৃষ্ণ কামাল চন্দ্র সরকার ৪টি করে লেটারসহ ৮৭৩ নম্বর পেয়ে যৌথভাবে ১৬তম স্থান, রাজশাহী ক্যাডেট কলেজের আরিফুর রহমান সরকার ৪টি লেটারসহ ৮৭২ নম্বর পেয়ে ১৭তম, বগুড়া আজিজুল হক কলেজের হুর-ই-জান্নাত ৪টি বিষয়ে লেটারসহ ৮৭১ নম্বর পেয়ে ১৮তম স্থান, পাবনা ক্যাডেট কলেজের মাসুম উর রহমান ৩টি লেটারসহ ৮৭০ নম্বর পেয়ে ১৯তম স্থান ও রাজশাহী ক্যাডেট কলেজের ফিরোজ নাজমুল হুদা ৩টি লেটারসহ ও গুরুদাসপুর কলেজের তাপসি রানী কুণ্ডু ৪টি লেটারসহ ৮৬৮ নম্বর পেয়ে যৌথভাবে ২০তম স্থান অধিকার করেছে।